দৈনিক
জনকণ্ঠ

তারিখ 10 APR 2015
পৃষ্ঠা ১৫ কলাম ৫

# ইস্ট ওয়েস্ট ভার্সিটিতে ডিজিটাল লাইব্রেরি বিষয়ক প্রশিক্ষণ

সরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানের কর্মকর্তাদের জন্য ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি দশ দিন করে দুই দফায় ডিজিটাল লাইব্রেরি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচী শেষ করেছে। রাজধানীর আফতাব নগরে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। সোমবার বিকেলে সমাপনী দিনে সনদ প্রদানের মাধ্যমে এই কর্মসূচী শেষ হয়। প্রথম দফা প্রশিক্ষণ চলে ১১ থেকে ২৪ ফেব্রুয়ারি এবং দ্বিতীয় দফা চলে ২৩ মার্চ থেকে ৬ এপ্রিল। অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের অনুরোধে এই কোর্সের আয়োজন করা হয়।

দেশের ২৩টি সরকারী ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান থেকে মোট ৪১ জন কর্মকর্তা এই কোর্সে অংশগ্রহণ করেন। ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের লাইব্রেরি কোর্স প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করে। প্রশিক্ষণ শেষে কার্যকর ডিজিটাল লাইব্রেরি প্রতিষ্ঠা, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ বিষয়ক বিশেষ সমাপনী অনুষ্ঠানের আয়োজন করা হয়। এতে প্রধান অতিথি ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্ট্রি বোর্ডের চেয়ারপার্সন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গবর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন। বিশেষ অতিথি ছিলেন অর্থ মন্ত্রণালয়ের ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিব ড. এম আসলাম আলম। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আহমদ শফি। -বিজ্ঞপ্তি